গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০০০.০৫৩.০৪.০০১১.২৬/৩৮৩ তারিখ: ৩০ আগস্ট, ২০২৬ খ্রি.।

বিষয়: রাজস্ব সুরক্ষা ও পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে কাস্টমস হাউস/স্টেশনসমূহে পরিপালনীয় জরুরী নির্দেশনা।

রাজস্ব সুরক্ষা এবং ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত করে আমদানি পণ্যচালান দ্রুত খালাসের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

১. পণ্য ঘোষণা, শুল্কায়ন ও পুনঃশুল্কায়ন বিধিমালা, ২০২৪ এ ঘোষিত ডকুমেন্ট বা দলিলাদি ব্যতিত অন্য কোন ডকুমেন্ট বা দলিলাদি দাখিল করতে হবে না;

২. যে সকল ডকুমেন্ট বা দলিলাদি Electronically দাখিল হবে সে সকল ডকুমেন্ট বা দলিলাদি ম্যানুয়েলি দাখিল করতে হবে না;

৩. ঝুঁকি ব্যবস্থাপনার কার্যকর প্রয়োগ নিশ্চিতকল্পে ASYCUDA World System Selectivity Criteria নিয়মিত হালনাগাদ করতে হবে;

৪. অপ্রয়োজনীয় রেজিস্টার সংরক্ষণ ও তথ্য ম্যানুয়ালি লিপিবদ্ধ করা পরিহার করতে হবে;

৫. যে সকল পণ্যচালান ঝুঁকিপূর্ণ নয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা নেই সেসকল পণ্যচালান সংক্রান্ত নথি অপ্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন বন্ধ করতে হবে;

৬. শুল্ক ফাঁকির নিশ্চিত তথ্য না থাকলে, একই পণ্যচালান একাধিকবার কায়িক পরীক্ষা করা পরিহার করতে হবে;

৭. আনস্টাফিং কার্যক্রম, বন্দর/স্থল বন্দর/বিমান বন্দরের গেট ভেরিফেকেশন কার্যক্রমের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে;

৮. খালাসকালে রাজস্ব ঝুঁকির ভিত্তিতে পণ্যচালান নির্বাচন করতে হবে এবং এক্ষেত্রে কায়িক পরীক্ষণের ফলাফল মূল্যায়নের ভিত্তিতে পণ্যচালান নির্বাচন করতে হবে;

৯. গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কায়িক পরীক্ষণের ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে পুনঃপরীক্ষণ পরিহার এবং সময় ও ব্যয় সাশ্রয়ের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের গোয়েন্দা ইউনিট, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং সিআইসির মধ্যে সমন্বয় রক্ষা করতে হবে;

১০. শুল্কায়ন ও পণ্যচালান ছাড়ের ক্ষেত্রে অপ্রয়োজনীয় ধাপ/কার্যক্রম পরিহার করতে হবে;

১১. অখালাসকৃত পণ্যচালান দ্রুত ছাড়ের জন্য প্রয়োজনে আমদানিকারক, সিএন্ডএফ এজেন্ট কে নোটিশ প্রদানসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং

১২. নিলাম কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করতে হবে।

০২। উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/০৪/২৬

রেজাউল করিম
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।

৪-১১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।

১২-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা/নারায়নগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।